

চালু রাতের উড়ান

অন্ডাল থেকে দক্ষিণ ভারতের সরাসরি যোগ

স্টাফ রিপোর্টার, দুর্গাপুর : অন্ডাল থেকে শুরু হচ্ছে রাতের উড়ান। সপ্তাহে তিনদিন। আগামী ১৬ অথবা ১৭ তারিখ থেকে এই পরিষেবা চালু হতে পারে। এর ফলে দক্ষিণ ভারতের সঙ্গে সরাসরি যোগাযোগের দীর্ঘ অপেক্ষার অবসান হতে চলেছে। অন্ডাল থেকে রাতের এই উড়ানে মাত্র দু'ঘণ্টার মধ্যেই পৌঁছানো যাবে হায়দ্রাবাদে। পরের দিন ফের রাতের বিমানেই ফিরে আসা যাবে অন্ডালে। কেন্দ্রীয় সরকারের 'উড়ান' প্রকল্পের মাধ্যমেই সন্তায় এই উড়ানের সুবিধা মিলছে অন্ডাল বিমানবন্দর থেকে। ২০০৯ সালে দেশের প্রথম বিমাননগরী অন্ডালে গড়ে ওঠার সময় এর ভবিষ্যত নিয়ে নানান প্রশ্ন উঠেছিল বিভিন্ন মহলে। প্রথমদিকে কলকাতা-অন্ডাল পর্যন্ত দৈনিক এয়ার ট্যাক্সি পরিষেবা শুরু হয়। পরে এয়ার ইন্ডিয়া কর্তৃপক্ষ অন্ডাল থেকে ভায়া কোলকাতা হয়ে দিল্লি উড়ানও শুরু করে। বেশ কিছু দিন সেই বিমান উড়লেও পরে যাত্রীর অভাবে বন্ধ হয়ে যায় অন্ডাল থেকে দিল্লির উড়ান পরিষেবা। তারপর এতকে বেশ কিছুদিন বন্ধই থাকে অন্ডাল বিমানবন্দর। বণিকমহল থেকে শুরু করে সাধারণ মানুষ অন্ডাল থেকে চিকিৎসার প্রয়োজনে দ্রুত যাতায়াতের জন্যে দক্ষিণ ভারতের সঙ্গে যোগাযোগের দাবি তোলেন। একই কারণে চেম্বাই ও মুম্বই পর্যন্ত বিমান পরিষেবার দাবি ওঠে। আসানসোলার সাংসদ তথা কেন্দ্রীয় মন্ত্রী বাবুল সুপ্রিয়র উদ্যোগে শুরু হয় সরাসরি অন্ডাল থেকে দিল্লি উড়ান যোগাযোগ। এয়ার ইন্ডিয়ার এই পরিষেবা বর্তমানে অত্যন্ত জনপ্রিয়। সপ্তাহে তিনদিন অন্ডাল থেকে দিল্লি পর্যন্ত সরাসরি যোগাযোগ থাকায়

বহু মানুষ এই পরিষেবা ভোগ করে থাকেন।

অন্ডালের কাজি নজরুল ইসলাম বিমানবন্দরে রাতের বিমান ওঠা নামার সুবিধা থাকায় এবার শুরু হল রাতের পরিষেবাও। অন্ডাল বিমানবন্দর সূত্রে জানা গিয়েছে, অন্ডাল থেকে প্রতি রবিবার, বুধবার ও শুক্রবার এই বিমান পরিষেবা মিলবে। এই তিনদিনই রাত ২.১০ মিনিটে এই বিমান অন্ডাল ছেড়ে হায়দ্রাবাদ পৌঁছবে ভোর সাড়ে চারটে নাগাদ। একইভাবে মঙ্গল, বৃহস্পতিবার ও শনিবার এই বিমান হায়দ্রাবাদ থেকে রাত ১১.৫ নাগাদ এই বিমান ছাড়বে অন্ডালের উদ্দেশ্যে। অন্ডাল এসে পৌঁছবে রাত ১.১৫ তে। আগামী ১৭ ফ্রেব্রুয়ারি রবিবার অন্ডাল থেকে এই উড়ান পরিষেবা শুরু হবে হায়দ্রাবাদের উদ্দেশ্যে বলেই অন্ডাল বিমানবন্দর সূত্রে জানা গিয়েছে। অন্ডাল বিমানবন্দরের নির্দেশক অপূর্ব শর্মা জানান, "এয়ার ইন্ডিয়ার বিমান সপ্তাহে তিনদিন অন্ডাল থেকে হায়দ্রাবাদ ও হায়দ্রাবাদ থেকে অন্ডাল যাতায়াত করবে। রাতের অন্ডালে এসে আবার রাতেই ফিরে যাবে হায়দ্রাবাদ।" ভাড়াও থাকবে নাগালের মধ্যেই। অন্ডাল থেকে হায়দ্রাবাদ যেতে খরচ পড়বে জনপ্রতি ২০৫১ টাকা। হায়দ্রাবাদ থেকে অন্ডাল আসতে খরচ পড়বে মাথা পিছু ২৫৫০ টাকা। এরপরই চেম্বাই ও মুম্বইয়ের উড়ানের উপেক্ষায় শুধু দক্ষিণবঙ্গ নয় বিহার ও ঝাড়খন্ডের বাসিন্দারাও। শুধু চিকিৎসার জন্যেও নয় ভ্রমণের জন্যেও আদর্শ হয়ে উঠবে অন্ডাল থেকে হায়দ্রাবাদগামী উড়ান পরিষেবা বলেই আশা অন্ডালের কাজি নজরুল ইসলাম বিমানবন্দর কর্তৃপক্ষের।